গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০০২.১৭ (অংশ-৩)- ২৮৫

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৪ মে ২০২২

**বিষয় : ন্যাশনাল ওয়াশ একাউন্টস প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহে এলজিএসপি'র আওতায় ওয়াশ খাতে ২০১৯-২০ অর্থবছরের প্রকৃত ব্যয়ের তথ্য প্রদান সংক্রান্ত।**

সূত্র: এ বিভাগের পলিসি সাপোর্ট অধিশাখার স্মারক নং-৩৫০, তারিখ: ১৯/০৫/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, ন্যাশনাল ওয়াশ একাউন্টস প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদের লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রকল্পের (এলজিএসপি) মাধ্যমে ২০১৯-২০ অর্থবছরের পানি, স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের তথ্য সংযুক্ত ফরম অনুযায়ী জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

স্বা/- ২৪/৫/২২

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

প্রকল্প পরিচালক
লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)
সিটি সেন্টার, ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব, পলিসি সাপোর্ট অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি।

৮৮

Bangladesh 50

মুজিব ১০০

স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা

বিষয়: ন্যাশনাল ওয়াশ একাউন্টস প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহে এলজিএসপি'র আওতায় ওয়াশ খাতে ২০১৯-২০২০ অর্থ বছরের প্রকৃত ব্যয়ের তথ্য প্রদান।

সূত্র: WaterAid কর্তৃক প্রেরিত ১৭ মে ২০২২ তারিখের পত্র।

১। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর পক্ষ থেকে পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরের জন্য "ন্যাশনাল ওয়াশ একাউন্টস" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে , নিরাপদ পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে ব্যয়ের গতি-প্রকৃতি নির্ভুলভাবে নির্ণয়ের মাধ্যমে 'ন্যাশনাল ওয়াশ একাউন্টস' প্রণয়নের জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উভয় ধরনের তথ্য-উপাত্ত (ডাটা) সংগ্রহ ও সংকলনের কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।

২। এ লক্ষ্যে ইতোমধ্যেই স্থানীয় সরকার বিভাগের ওয়াশ খাতে ব্যয়ের প্রকৃত তথ্য-উপাত্ত হিসাব মহানিয়ন্ত্রক (CGA) এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে। হিসাব মহানিয়ন্ত্রক (CGA) এর কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত (ডাটা) বিশ্লেষণ করে জানা যায় যে, ইউনিয়ন পরিষদসমূহে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রকল্প বা এলজিএসপি'র আওতায় ওয়াশ খাতে ব্যয়ের তথ্য বিবরণী বর্ণিত কার্যালয়ের ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয় না। "ন্যাশনাল ওয়াশ একাউন্টস" নির্ভুলভাবে প্রণয়নের জন্য ইউনিয়ন পরিষদের এলজিএসপি প্রকল্পের আওতায় ওয়াশ খাতে যে অর্থ ব্যয় হয়, তার তথ্য "ন্যাশনাল ওয়াশ একাউন্ট" এর বিশ্লেষণে অন্তর্ভুক্তি আবশ্যক।

এমতাবস্থায়, ন্যাশনাল ওয়াশ একাউন্টস নির্ভুলভাবে প্রণয়নের জন্য ইউনিয়ন পরিষদের লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রকল্পের (এলজিএসপি) মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের পানি, স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের তথ্য সংযুক্ত ফর্ম অনুযায়ী জরুরি ভিত্তিতে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : পানীয় জল , স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের তথ্য প্রদানের ফরম্যাট।

১৯.০৫.২০২২
নুমেরী জামান
যুগ্মসচিব

অতিরিক্ত সচিব
ইউনিয়ন পরিষদ অধিশাখা
স্থানীয় সরকার বিভাগ

ইউ.ও. নোট নম্বর: ৪৬.০০.০০০০.৮৬.২২.০৯-২০১৮-৩৫০

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪২৯
১৯ মে ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১। অতিরিক্ত সচিব, পানি সরবরাহ অনুবিভাগ
২। কান্ট্রি ডিরেক্টর, ওয়াটারএইড বাংলাদেশ
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ডাইরী নং ৮৩৮ তারিখ ঃ ২২/৫
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইপ.....................১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

WaterAid

১৭ মে ২০২২

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:** জনাব নুমেরী জামান, যুগ্মসচিব, পলিসি সাপোর্ট অধিশাখা (পিএসবি)

**বিষয়: ন্যাশনাল ওয়াশ একাউন্টস প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহে এলজিএসপি'র আওতায় ওয়াশ খাতে ২০১৯-২০২০ অর্থ বছরের প্রকৃত ব্যয়ের তথ্য প্রদান প্রসঙ্গে**

মহোদয়,

ওয়াটারএইড বাংলাদেশ-এর পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর পক্ষ থেকে পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরের জন্য 'ন্যাশনাল ওয়াশ একাউন্টস' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, নিরাপদ পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে ব্যয়ের গতি-প্রকৃতি নির্ভুলভাবে নির্ণয়ের মাধ্যমে 'ন্যাশনাল ওয়াশ একাউন্টস' প্রণয়নের জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উভয় ধরনের তথ্য-উপাত্ত (ডাটা) সংগ্রহ ও সংকলনের কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যেই স্থানীয় সরকার বিভাগের ওয়াশ খাতে ব্যয়ের প্রকৃত তথ্য-উপাত্ত হিসাব মহানিয়ন্ত্রক (CGA) এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে।

হিসাব মহানিয়ন্ত্রক (CGA) এর কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত (ডাটা) বিশ্লেষণ করে আমরা জানতে পেরেছি যে, ইউনিয়ন পরিষদসমূহে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রকল্প বা এলজিএসপি'র আওতায় ওয়াশ খাতে ব্যয়ের তথ্য বিবরণী বর্ণিত কার্যালয়ের ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয় না। 'ন্যাশনাল ওয়াশ একাউন্টস' নির্ভুলভাবে প্রণয়নের জন্য ইউনিয়ন পরিষদের এলজিএসপি প্রকল্পের আওতায় ওয়াশ খাতে যে অর্থ ব্যয় হয়, তার তথ্য 'ন্যাশনাল ওয়াশ একাউন্টস'এর বিশ্লেষণে অন্তর্ভুক্তি আবশ্যক।

এমতাবস্থায়, ন্যাশনাল ওয়াশ একাউন্টস নির্ভুলভাবে প্রণয়নের জন্য ইউনিয়ন পরিষদের লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রকল্পের (এলজিএসপি) মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের পানি, স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের তথ্য সংযুক্ত ফর্ম অনুযায়ী সরবরাহের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

হাসিন জাহান
কান্ট্রি ডিরেক্টর

**সংযুক্তি:** পানীয় জল, স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের তথ্য প্রদানের ফরম্যাট

WaterAid Bangladesh
House 97/B, Road 25, Block A
Banani, Dhaka 1213, Bangladesh

Tel:+880 2 58815757, 222283541
Fax: +880 2 222282577

wateraidbangladesh@wateraid.org
www.wateraid.org
facebook.com/wateraidbd
twitter.com/wateraidbd

৮২/

| ২০১৯-২০২০ অর্থবছরের পানীয় জল, স্যানিটেশন ও হাইজিন খাতে প্রকৃত ব্যয়ের হিসাব |
|---|
| প্রতিষ্ঠানের নাম: |
| ঠিকানা: |
| তথ্য প্রদানকারীর নাম: |
| তথ্য প্রদানকারীর পদবি: |
| মোবাইল নম্বর: |
| ই-মেইল: |

| ক্র নং | বিবরণ | ২০১৯-২০২০ অর্থবছরের প্রকৃত ব্যয় (টাকায়) |
|---|---|---|
| | নিরাপদ পানীয় জল | |
| ১. | নলকূপ স্থাপন, পুনঃ স্থাপন | |
| ২. | নলকূপের যন্ত্রাংশ ক্রয় | |
| ৩. | পানীয় জল সরবরাহ সংক্রান্ত রক্ষণাবেক্ষণ ব্যয় | |
| ৪. | অন্যান্য-১ (উল্লেখ করুন) | |
| ৫. | অন্যান্য-২ (উল্লেখ করুন) | |
| ৬. | | |
| ৭. | | |
| | স্যানিটেশন | |
| ১. | ড্রেন নির্মাণ | |
| ২. | ড্রেন সংস্কার | |
| ৩. | ড্রেন/নর্দমা পরিষ্কার | |
| ৪. | স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ | |
| ৫. | স্বাস্থ্যসম্মত পায়খানা রক্ষণাবেক্ষণ | |
| ৬. | অন্যান্য-১ (উল্লেখ করুন) | |
| ৭. | অন্যান্য-২ (উল্লেখ করুন) | |
| ৮. | | |
| ৯. | | |
| | স্বাস্থ্যবিধি (হাইজিন) | |
| ১. | স্বাস্থ্যবিধি (হাইজিন) প্রসার কার্যক্রম | |
| ২. | স্বাস্থ্যবিধি (হাইজিন) উপকরণ ক্রয় ও বিতরণ | |
| ৩. | অন্যান্য-১ (উল্লেখ করুন) | |
| ৪. | অন্যান্য-২ (উল্লেখ করুন) | |
| ৫. | | |
| ৬. | | |